

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০৫

তারিখ: ০৭ মে, ২০০৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের খণ্ডান সম্পর্কিত বাধা-নিষেধ।

আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের খণ্ড প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলো :

১. আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকের অনুকূলে প্রদেয় খণ্ড সুবিধা বা গ্যারান্টি বা জামানত আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্যন্ত কর্তৃক মঙ্গুরীকৃত এবং সাধারণ সভা কর্তৃক অনুমোদিত এবং আর্থিক প্রতিষ্ঠানের ব্যালাঞ্চ শীটে সুনির্দিষ্টভাবে উল্লেখিত হতে হবে। তবে পরিচালকের অনুকূলে প্রদেয় খণ্ড সুবিধার মোট পরিমাণ পরিচালকের নিজ নামে ধারণকৃত ঐ আর্থিক প্রতিষ্ঠানের শেয়ারের পরিশোধিত মূল্যের ৫০% এর অধিক হবে না ;

২. আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকের নামে ইতোমধ্যে প্রদত্ত খণ্ড সুবিধার মোট পরিমাণ ঐ পরিচালকের নিজ নামে ধারণকৃত আর্থিক প্রতিষ্ঠানের শেয়ারের পরিশোধিত মূল্যের ৫০% এর অধিক হলে তা অনুমোদিত মেয়াদকালের মধ্যে পরিশোধ করতে হবে। কোনো অবস্থাতেই উক্ত ৫০% এর অধিক খণ্ডসুবিধা নবায়ন বা এর মেয়াদ বৃদ্ধি করা যাবে না ;

৩. মুদারাবা বা মুশারাকা খণ্ড পদ্ধতিসহ খণ্ডগ্রহীতাকে লোকসান বহন থেকে সম্পূর্ণ বা আংশিক অব্যাহতি প্রদান করা হয় এমন কোন খণ্ড আর্থিক প্রতিষ্ঠানের কোনো পরিচালকের অনুকূলে প্রদান করা যাবে না ;

৪. আর্থিক প্রতিষ্ঠানের কোনো পরিচালক কোনো খণ্ডগ্রহীতা প্রতিষ্ঠানে বাহ্যতঃ সম্পৃক্ত না থাকলেও তিনি যদি ঐ প্রতিষ্ঠানের হিসাব পরিচালনা বা তত্ত্বাবধান করেন বা অন্য কোনো ভাবে নিয়ন্ত্রণ করেন কিংবা কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের খণ্ডের বিপরীতে সহায়ক জামানত বা নিশ্চয়তা প্রদান করেন তাহলে উক্ত প্রতিষ্ঠানে/খণ্ডহিসাবে ঐ পরিচালকের স্বার্থ জড়িত আছে বলে গণ্য করা হবে ;

৫. কোনো পাবলিক লিমিটেড কোম্পানীতে আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক যে পরিমাণ (শতাংশ) শেয়ার ধারণ করবেন উক্ত কোম্পানীর সেই অনুপাতে খণ্ড পরিচালকের দায় হিসেবে গণ্য হবে ;

৬. কোনো খণ্ডের বিপরীতে পরিচালক কর্তৃক সুনির্দিষ্ট অংকের গ্যারান্টি প্রদান করা হলে পরিচালকের দায় ঐ পরিমাণে সীমাবদ্ধ থাকবে ;

৭. পরিচালকের স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে খণ্ডসুবিধা প্রদানের ক্ষেত্রে সকল প্রকার আইনানুগ আনুষ্ঠানিকতা যথারীতি সুষ্ঠুভাবে পালন করতে হবে ;

৮. খণ্ডসুবিধা প্রদানের জন্য পরিচালক বলতে আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৪(১)(চ) ধারার ব্যাখ্যা প্রযোজ্য হবে; অর্থাৎ পরিচালক বলতে পরিচালকের স্ত্রী, স্বামী, পিতা, মাতা, পুত্র, কন্যা, জামাতা, পুত্রবধু, শুশুর ও শাশুড়িকেও বুঝাবে;

৯. সাধারণভাবে খণ্ডসুবিধা সংক্রান্ত আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর সংশ্লিষ্ট বিধি-বিধান এবং বাংলাদেশ ব্যাংকের অন্যান্য নির্দেশাবলী অবশ্যই যথারীতি পালন করতে হবে ;

১০. আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৪(ছ) এর ধারাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মাছুম পাটোয়ারী)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৯৫৬